



00000000000000

0000000000 000000 0000000000

Job Category: Electrician/Electronics Repair

Job Source: 00000 00000

Job Summary

Posted On: 26 Nov 2024

Application Deadline: 15 Dec 2024



সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি

চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ

বন্দর ভবন-৪১০০

www.cpa.gov.bd

নিয়োগ বিজ্ঞপ্তি


বিগত ২১/৫/২০২৪ ও ২২/৫/২০২৪ তারিখে জারিকৃত চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ-এর নিয়োগ বিজ্ঞপ্তি নং-০২-এর ক্রমিক ৪ ও ৫-তে বর্ণিত যথাক্রমে ফার্মাসিস্ট ও ওয়ার্ক মিস্ত্রি পদের ক্ষেত্রে সরকার কর্তৃক কোটা সংক্রান্ত বিষয়ে পরিবর্তনের প্রেক্ষিতে আংশিক সংশোধন ক্রমে রাজস্ব খাতভুক্ত নিম্নোক্ত স্থায়ী পদ পূরণের নিমিত্তে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে অনলাইনে দরখাস্ত আহ্বান করা হচ্ছে। ইতোপূর্বে সংশ্লিষ্ট পদে যোগ্য আবেদনকারীদের পুনঃ আবেদনের প্রয়োজন নেই।

ক্রঃ নং	পদের নাম	পদের সংখ্যা	বেতন স্কেল জ্যাঃবেঃস্কেল, ২০১৫	১৫/১২/২০২৪ তারিখে বয়স	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন
১।	ফার্মাসিস্ট	০৪	টাঃ ৯৭০০-২৩৪৯০/- (গ্রেড-১৫)	অনুর্ধ্ব ৩০ বৎসর	(ক) কমপক্ষে এস,এস,সি। এইচ, এস,সি প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। (খ) ডিপ্লোমা ইন ফার্মেসী কোর্স সনদ থাকিতে হইবে। (গ) সংশ্লিষ্ট ক্ষেত্রে ১/২ বৎসরের অভিজ্ঞতা।	সকল জেলা
২।	ওয়ার্কমিস্ত্রি	০৮	টাঃ ৯৩০০-২২৪৯০/- (গ্রেড-১৬)	-এ-	এইচএসসি পাসসহ সিভিল কনস্ট্রাকশন ট্রেডে ২ বৎসর মেয়াদী ট্রেড কোর্স সনদ।	সকল জেলা

অনলাইনে আবেদন ফরম পূরণের শর্তাবলীঃ

- আবেদনকারীকে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষের ওয়েব সাইট cpadigital.gov.bd/jobs তে অনলাইন চাকরির আবেদন ফরম পূরণ করে সাবমিট করতে হবে। অবশ্যই ইউনিকোড বাংলায় ফরমটি পূরণ করতে হবে;
- অনলাইন আবেদন ফর্মের নির্ধারিত স্থানে প্রার্থীর ৩০০x৩০০ রেজুলেশনে সর্বোচ্চ ১০০ কিলোবাইটের jpg/jpeg ফরমেটে সদ্য তোলা রঙিন ছবি এবং ৩০০x৮০ রেজুলেশনে সর্বোচ্চ ৬০ কিলোবাইটের jpg/jpeg ফরমেটে স্বাক্ষর আপলোড করতে হবে;
- অনলাইনে আবেদন ফরম সাবমিট করার পর pay now অপশনে ক্লিক করে প্রার্থীকে অনলাইনে ফি জমা দিতে হবে। নিয়োগ পরীক্ষার ফি ২০০ (দুইশত) টাকা;
- প্রার্থীদের অনলাইন আবেদনের কপি প্রিন্ট করে সংরক্ষণ করতে হবে;
- চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ-এর ওয়েব সাইটের (www.cpa.gov.bd) মাধ্যমে এবং মোবাইল ফোনে এসএমএস-এর মাধ্যমে যথাসময়ে নিয়োগ পরীক্ষার সময়সূচি জানানো হবে। প্রার্থীগণ cpadigital.gov.bd/jobs ওয়েব সাইটে লগ-ইন করে পরীক্ষার প্রবেশপত্র/ইন্টারভিউ কার্ড ডাউনলোড করে সংগ্রহ করবেন। ডাকযোগে কোন প্রবেশপত্র/ইন্টারভিউ কার্ড প্রেরণ করা হবে না;
- নিয়োগের ক্ষেত্রে কোটা বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সর্বশেষ প্রজ্ঞাপন/নির্দেশনা প্রযোজ্য হবে;
- মুক্তিযোদ্ধার সন্তান ও প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে আবেদনের বয়স সীমা ৩২ বছর;
- এ বিজ্ঞপ্তি আংশিক বা সম্পূর্ণ বাতিল/সংশোধন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে;
- অনলাইনে আবেদন গ্রহণ শুরুর সময়ঃ ১৫/১১/২০২৪ খ্রিঃ সকাল ১০-০০ টা;
- অনলাইনে আবেদন গ্রহণের শেষ সময়ঃ ১৫/১২/২০২৪ খ্রিঃ রাত ১২-০০ টা;
- অনলাইনে ফি জমাদানের শেষ তারিখঃ ১৭/১২/২০২৪ খ্রিঃ।

চবক: জঃসঃ বিজ্ঞাপন নং ২৯৮/২০২৪ তারিখ: ১১/১১/২৪
৮ X ৩
নং-১৪২/১১


১১/১১/২৪
পরিচালক (প্রশাসন)
চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ